



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০২২

তারিখঃ ০৮-০৮-২০২২

নিম্নবর্ণিত বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় Institutional Quality Assurance Cell (IQAC) এর নিম্নোক্ত শূন্য পদগুলো পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল-২০১৫
১।	সেকশন অফিসার	০১ (এক) টি স্থায়ী	৯ম গ্রেড
২।	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	০১(এক) টি স্থায়ী	১৬তম গ্রেড
৩।	অফিস সহায়ক	০১ (এক) টি স্থায়ী	২০তম গ্রেড

প্রয়োজনীয় যোগ্যতাঃ

১। সেকশন অফিসার:

শিক্ষাজীবনে তৃতীয় শ্রেণী। বিভাগ ব্যতীত ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী পাশ হতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট (পি.পি.এ ২০০৬, ২০১০, PPR ২০০৯ এবং সর্বশেষ পরিবর্তনসহ) এবং ভ্যাক্স ও কম্পিউটার (MS word, MS excel, power point, e-mail browsing) সম্পর্কে সম্যক ধারণাসহ কমপক্ষে ০২ (দুই) বছর আই.কিউ.এ.সি. তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্তপূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অনার্স / মাস্টার্স ডিগ্রীতে প্রথম শ্রেণী প্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। ছয় মাসের অগ্রগতি প্রতিবেদন, তিন মাসের আর্থিক প্রতিবেদন প্রস্তুতের অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

২। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর:

শিক্ষাজীবনে তৃতীয় বিভাগ ব্যতীত কমপক্ষে দ্বিতীয় ডিগ্রী পাশ হতে হবে। কম্পিউটার সায়েন্সে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে অন্ততঃ ছয় মাস মেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে ২৫ ও ৪৫ শব্দ টাইপের। গতিসহ প্রার্থীর অবশ্যই MS Word (with Bijoy) Ges MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে। Computer Hardware, Software সম্পর্কে সম্যক ধারণা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আই.কিউ.এ.সি. তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

৩। অফিস সহায়ক

কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এস. এস. সি পাশ হতে হবে। আই.কিউ.এ.সি. তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্ত পূরণ হওয়া সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত থাকবে। এ ক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপর। "মুক্তিযোদ্ধা কোটা" উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে প্রথম যোগদানের পর অন্ততঃ ০২ (দুই) বছর চাকুরী করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর কোন চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না। ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরোক্ত ১ নং পদের জন্য ০৮ (আট) সেট, ২ ও ৩ নং পদের জন্য ০৬ (ছয়) সেট দরখাস্ত আগামী ২৯/০৮/২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:০০ ঘটিকা হতে বেলা ৩:৩০ ঘটিকা পর্যন্ত) গৃহিত হবে। বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লি: এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ১নং ক্রমিকের জন্য ৫০০/- (পাঁচশত), ২নং ক্রমিকের - জন্য ৪০০/- (চারশত) এবং ৩নং ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের, ০৩ (তিন) কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

(প্রফেসর এস.এম. মনিরুল হাসান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ফোন নং পিএবিএক্স- ৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭, এক্স- ৪২০১

সিটিজি-২১৪/২২ (১০'x৩)